



সামাজিকভাবে সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর অধিকার  
সংরক্ষণ ও উন্নয়ন (প্রিসেপ) প্রকল্প

এইচআইভি/এইডস এন্ড এসটিডি  
এলায়েন্স বাংলাদেশ (হাসাব)

## প্রকল্পের লক্ষ্য :

সামাজিকভাবে সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর অধিকার সংরক্ষণ ও উন্নয়ন (প্রিসেপ) প্রকল্পটির নির্ধারিত কিছু প্রান্তিক জনগোষ্ঠীর মানবাধিকার এবং মর্যাদাপূর্ণ জীবন সম্পর্কিত বিষয় অনুধাবনে সহায়তা করা।

## প্রকল্পের উদ্দেশ্য :

- ১) নির্দিষ্ট জনগোষ্ঠীর মানুষের আত্মবিশ্বাস এবং আত্মমর্যাদা বৃদ্ধির জন্য তাদের সচেতনতা বাড়ানো এবং এ বিষয়ে তাদের চিন্তা চেতনাকে উন্নত করা
- ২) যে সকল সংগঠন বা স্ব-উদ্যোগী দল (সেলফ হেল্প গ্রুপ) প্রান্তিক জনগোষ্ঠীদের নিয়ে কাজ করছে সেই সকল সংগঠনের সাংগঠনিক দক্ষতা বৃদ্ধি করা
- ৩) কর্ম সহায়ক পরিবেশ তৈরী করা যাতে করে নাগরিক সমাজের সমঝোতা ও সৌহার্দ্য বৃদ্ধির মাধ্যমে এই সব জনগোষ্ঠী তাদের অধিকার প্রতিষ্ঠার জন্য দাবি উপস্থাপন এবং নিশ্চিত করতে পারেন।





## প্রিসেপ প্রজেক্টের পার্টনারসমূহ :

ক্র. নং	সহযোগী দল/ স্ব-উদ্যোগী দলের নাম	জনগোষ্ঠী	স্থান
১	আশার আলো সোসাইটি	এইচআইভি পজিটিভ	ঢাকা
২	বাধন হিজড়া সংঘ	হিজড়া	কুড়িল, ঢাকা
৩	বডার	শিরায় নেশাগ্রহণকারী (প্রাক্তন)	মিরপুর, ঢাকা
৪	লাইফ ডেভেলপমেন্ট এসোসিয়েশন/শো	ভাসমান যৌনকর্মী	মানিকগঞ্জ
৫	শুকতারা কল্যাণ সংস্থা	ব্রোথেল ভিত্তিক যৌনকর্মী	ময়মনসিংহ
৬	সেতু বন্ধন কল্যাণ সংঘ	এমএসএম	ময়মনসিংহ
৭	শাপলা মহিলা সংস্থা	হোটেল ভিত্তিক যৌনকর্মী	ফরিদপুর





## প্রকল্পের মূল কার্যক্রম :

- ❖ সংগঠনের/প্রতিষ্ঠানের দক্ষতা যাচাই এবং এর আলোকে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করা
- ❖ সচেতনতা বৃদ্ধি (মানবাধিকার, জেডার এবং এইচআইভি/এইডস)
- ❖ সক্ষমতা যাচাই এর ভিত্তিতে দক্ষতা বৃদ্ধিমূলক কর্মসূচী গ্রহণ করা
- ❖ জনগোষ্ঠীর চাহিদা বিবেচনা করে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ ও তৈরী করা
- ❖ দক্ষতা যাচাই এর ভিত্তিতে স্ব-উদ্যোগী দলের (পার্টনার সংস্থা) জন্য নীতিমালা সম্পর্কিত (সংশোধন, তৈরী) বিশেষ সহায়তা করা
- ❖ স্টেকহোল্ডার ও এডভোকেসী ইস্যু সনাক্তকরণ
- ❖ সনাক্তকৃত স্টেকহোল্ডার ও ইস্যুর আলোকে এডভোকেসী এবং নেটওয়ার্কিং (স্থানীয় পর্যায়) স্থাপন করা
- ❖ স্ব-উদ্যোগী দলের মধ্যে থেকে 'কোর ফ্যাসিলিটেটর গ্রুপ' গঠন এবং যথাযথ প্রশিক্ষণ প্রদান
- ❖ জাতীয় পর্যায়ে মানবাধিকার ও এইচআইভি বিষয়ে এডভোকেসি/সেমিনারের আয়োজন করা
- ❖ স্থানীয় পর্যায়ে পার্টনারশীপের মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা

## হাসাব এবং প্রিসেপ :

ইন্টারন্যাশনাল এইচআইভি/এইডস এলায়েন্স ইউকে-এর একটি অঙ্গ সংগঠন হিসেবে হাসাব (এইচআইভি/এইডস এন্ড এসটিডি এলায়েন্স বাংলাদেশ) ১৯৯৪ সালে আত্মপ্রকাশ করে এবং এক যুগের বেশী সময় ধরে একটি জাতীয় পর্যায়ের স্পেশালাইজড এনজিও হিসেবে এইচআইভি/এইডস ও যৌনরোগের ঝুঁকি হ্রাসকল্পে দেশব্যাপী তার কার্যক্রম পরিচালনা করে আসছে।

কাজ করার এই দীর্ঘ অভিজ্ঞতার মধ্য দিয়ে হাসাব একটি বিষয়ে দারুণ ভাবে অনুধাবন করেছে যে, কেবল মাত্র প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কর্মসূচীর বাস্তবায়ন করে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর আচরণ পরিবর্তন তথা এইচআইভি/এইডস এবং যৌনরোগ প্রতিরোধ/নিয়ন্ত্রণ সম্ভব নয়। কারণ হিসেবে দেখা গেছে, ঝুঁকিপূর্ণ অধিকাংশ জনগোষ্ঠী তাদের অর্থনৈতিক অস্বচ্ছলতা, সামাজিক বিভিন্ন ধরনের শোষণ, নিপীড়ন, অবহেলা, ঘৃণা আর রাষ্ট্রীয় সুযোগ-সুবিধার অভাবে সমাজের প্রান্তিক সীমানায় বসবাস করছে; বঞ্চিত হচ্ছে মানুষ হিসাবে বেঁচে থাকার ন্যূনতম অধিকার থেকে, তাদেরকে ঠেলে দিচ্ছে সমাজের একেবারে প্রান্তের দিকে; তাদের জীবন হয়ে উঠছে অধিকতর ঝুঁকিপূর্ণ। এই রুঢ় বাস্তবতায় তাড়িত হয়ে হাসাব আগস্ট ২০০৪ থেকে 'প্রিসেপ' (PRESEP: Promoting Rights of the Extreme Socially Excluded People) নামক একটি প্রকল্পের কাজ শুরু করে।

এই প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে 'হাসাব' প্রত্যাশা করে এই সকল প্রান্তিক জনগোষ্ঠী যখন নিজেদের অবস্থা ও অবস্থান এবং মানবাধিকার সম্পর্কে সচেতন হবে তখন তারা সমাজের মূলধারার সাথে মিশতে শুরু করবে যার ফলস্রুতিতে তাদের সমাজে মর্যাদা ও সম্মান বৃদ্ধি পেতে থাকবে তখন থেকেই এইচআইভি/এইডস বিষয়ক ঝুঁকিপূর্ণ আচরণসমূহের ইতিবাচক পরিবর্তন ঘটবে এবং স্বাভাবিক ভাবেই এইচআইভি/এইডস এর ঝুঁকি হ্রাস পেতে শুরু করবে।



এইচআইভি/এইডস এন্ড এসটিডি এলায়েন্স বাংলাদেশ (হাসাব)  
 ১/২ আসাদ এভিনিউ, ব্লক-এ, আসাদ গেট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭  
 ফোন : ৯১৩২৬৪৪, ৮১২৩০২১, ফ্যাক্স : ৮১২২৭৮৬  
 E-mail : [hasab@bdmail.net](mailto:hasab@bdmail.net)  
 Website : [www.hasab.org](http://www.hasab.org)